

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd


নং-৪৬.০০.০০০০.০৬৩.১৪.০০২.১১(অংশ-১)-১৪৭৮

তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় : গুরুত্বপূর্ণ ১৯(উনিশ)টি পৌরসভা অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় সুজানগর পৌরসভায় পৌর বাস টার্মিনালের এপ্রোচ/বাইপাস সড়ক নির্মাণের জন্য জমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ (ক) এলজিইডি/পিডি/আইএনপিআইডিপি/এল-০৩(অংশ-১)/২০১০-১১/৫০৬, তারিখঃ ২১.০৭.২০১৪ খ্রিঃ।
(খ) স্থানীয় সরকার বিভাগের পৌর-১ শাখার পত্র নং- ৪৬.০০.০০০০.০৬৩.১৪.০০২.১১ (অংশ-১)-৪৩৩;
তারিখঃ ১৯/০৪/২০১৬ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গুরুত্বপূর্ণ ১৯(উনিশ)টি পৌরসভা অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় সুজানগর পৌরসভায় পৌর বাস টার্মিনাল স্থাপনের জন্য ২.২৫ একর জমি অধিগ্রহণের বিষয়ে সূত্রস্থ 'খ' পত্রের মাধ্যমে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। উল্লেখ্য, এলাইনমেন্ট পরিবর্তনের কারণে পৌর বাস টার্মিনাল এপ্রোচ/বাইপাস সড়ক নির্মাণের বিষয় উল্লেখসহ পুনরায় সংশোধিত প্রস্তাব প্রেরণপূর্বক সংশোধিত প্রশাসনিক অনুমোদন প্রদানের অনুরোধ করা হয়েছে (কপি সংযুক্ত)। এমতাবস্থায়, প্রস্তাবিত জমি অধিগ্রহণের সংশোধিত প্রশাসনিক অনুমোদন প্রদান বিষয়ে সরেজমিন তদন্তকরতঃ মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।


(মোঃ আবদুর রউফ মিয়া)
উপ সচিব
ফোনঃ ৯৫১৪১৪২

জেলা প্রশাসক,
পাবনা।

সদয় জ্ঞাতার্থেঃ

- ০১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০২। মেয়র, সুজানগর পৌরসভা, পাবনা।
- ০৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।